

কামরুল হাসান

বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীদের প্রায়ই দেখা যায়, জাতীয় ও আন্তর্জাতিক বিভিন্ন প্রতিযোগিতায় অংশগ্রহণ করে নজরকাড়া সাফল্য নিয়ে আসতে। এরই ধারাবাহিকতায় আইএনটিএ এশিয়া প্যাসিফিক মুটকোর্ট (ছায়া আদালত) প্রতিযোগিতায় বেসরকারি ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটি দ্বিতীয় হয়েছে।

যুক্তরাষ্ট্রভিত্তিক আন্তর্জাতিক সংগঠন 'ইন্টারন্যাশনাল ট্রেডমার্ক অ্যাসোসিয়েশন (আইএনটিএ)' ও সিঙ্গাপুর ম্যানেজমেন্ট ইউনিভার্সিটির আইন বিভাগের যৌথ উদ্যোগে গত ২২-২৪ ফেব্রুয়ারি সিঙ্গাপুরে প্রতিযোগিতার চূড়ান্ত পর্ব অনুষ্ঠিত হয়।

প্রতিযোগিতার লিখিত পর্বের ওপর ভিত্তি করে বিশ্বেও মোট ২৪টি বিশ্ববিদ্যালয়কে প্রতিযোগিতার মৌখিক পর্বে গুণানির জন্য মনোনীত করা হয়। মৌখিক পর্বে ভারতীয় মুটকোর্ট দল শ্রেষ্ঠ দলের খেতাব অর্জন করে। বাংলাদেশের ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের মুটকোর্ট দল 'দ্বিতীয় শ্রেষ্ঠ দক্ষিণ এশীয় মুট টিম' হয়।

ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ই হলো একমাত্র বাংলাদেশের বিশ্ববিদ্যালয়, যারা এ প্রতিযোগিতার লিখিত পর্বে উত্তীর্ণ হয়ে চূড়ান্ত পর্বে অংশ নেওয়ার যোগ্যতা অর্জন করেছে। ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের মুট টিমের সদস্যরা হলেন- জান্নাতুল শরীয়াত দিশা (মুটার), ইসরাত জাহান সিদ্দিকী (মুটার), প্রভাষক মো. পিজুয়ার হোসেন (সহযোগী কোচ) এবং অধ্যাপক তুরিন আফরোজ (কোচ)। জান্নাতুল শরীয়াত দিশা বলেন, এ

ইস্ট ওয়েস্টের সাফল্য



প্রতিযোগিতায় ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটি দ্বিতীয় হয়েছে

ছবি : সংগ্রহ

সাফল্যে আমাদের ভালো লাগা ভাষায় প্রকাশ করার মতো নয়। সব শক্তিশালী দলের সঙ্গে

প্রতিযোগিতায় অংশগ্রহণ করেছি। অনেক চ্যালেঞ্জিং ছিল। আমরা শেষ মুহূর্ত পর্যন্ত

আত্মবিশ্বাসী ছিলাম এবং অবশেষে জয়ী ছিলাম। ■